মেহেরপুরে পৃথক অভিযানে গাঁজা মদ ও ইয়াবাসহ ৩ জন গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়ীয়া এলাকায় অভিযান চালিয়ে মহাবুল (২৩), হাজেরা খাতুন (৩৫) ও মেহেরপুর সদর উপজেলার কালীগাংনী এলাকা থেকে মোঃ জিয়া (৪৫) নামের তিন জনকে গাঁজা, ইয়াবা ও ভারতীয় মদসহ আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। শনিবার বিকেলে ও রাতে পৃথক পৃথক সময়ে তাদের আটক করা হয়।

আটককৃত মহাবুল কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার নাটনাপাড়া এলাকার লালচাঁদ আলীর ছেলে ও হাজেরা খাতুন গাংনী উপজেলার কাজীপুর বর্ডারপাড়ার সেন্টুর স্ত্রী। জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ওসি জুলফিকার আলী জানান, জেলায় মাদকবিরোধী অভিযানের ধারাবাহিকতায় গোপন সূত্রে জানতে পেয়ে এসআই হাবিবুর রহমানের নেতৃত্ব এসআই রুবেল আহমেদ, এএসআই আহসান হাবীব সহ সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী উপজেলার বেতবাড়িয়ায় অভিযান পরিচালনা করা হয়।

এসময় বিভিন্ন ব্রান্ডের ভারতীয় মদ ৬ বোতল যার ওজন চার লিটার সহ হাজেরা খাতুনকে আটক করা হয়। একই এলাকা থেকে মহাবুলকে ২২পিস ইয়াবাসহ আটক করা হয়।

অপরদিকে এসআই (নিঃ) অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এএসআই (নিঃ) মাহাতাব উদ্দিন, এএসআই (নিঃ) এএসআই (নিঃ) হেলাল উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে মেহেরপুর সদরের কালীগাংনী এলাকায় অভিযান চালিয়ে ৯০ গ্রাম গাাঁজাসহ আটক করে। মোঃ জিয়া গাংনী উপজেলার নোয়াপাড়া মাঠপাড়ার আবুবক্কর এর ছেলে। তাদের বিরুদ্ধে গাংনী থানায় ও জিয়ার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদার বিভিন্ন সীমান্তে

বিজিবি’র সপ্তাহ ব্যাপী অভিযানে প্রচুর মাদকদ্রব্য আটক

দামুড়হুদা উপজেলার বিভিন্ন সীমান্ত থেকে প্রচুর মাদকদ্রব্য আটক করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি। গত এক সপ্তাহ ধরে দর্শনা, বারাদী, সুলতানপুর, ফুলবাড়ি, মুন্সিপুর, ঠাকুরপুর ও বড়বলদিয়া সীমান্ত থেকে বিজিবি জোয়ানরা প্রচুর পরিমান মাদকদ্রব্য আটক করা হয়।

চুয়াডাঙ্গা-০৬ বিজিবি ব্যাটেলিয়নের পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান জানান, এসব মাদকদ্রব্যের মধ্যে রয়েছে ২০০ বোতল ভারতীয় মদ, ০৯ কেজি গাঁজা, ১ কেজি ৯৬৫ গ্রাম চান্দি রুপা, ৩টি মোটর সাইকেল, ৩ হাজার ৮৬০ প্যাকেট সিগারেট, ৩০ বোতল জুস এবং ৫ হাজার পাতা জন্ম বিরতিকরণ ট্যাবলেট আটক করে বিজিবি। যার মুল্যে নিধারণ করা হয়েছে ২৭ লাখ ৮৩ হাজার ৯০০ শত টাকা।

আটককৃত মালিক বিহীন এসব চোরাচালানী মালামাল দর্শনা কাস্টমস্ অফিসে জমা দেওয়া হয়েছে বলে জানান চুয়াডাঙ্গা-০৬ বিজিবি পরিচালক।

আলমডাঙ্গায় ৫শ গ্রাম গাঁজাসহ আটক-১

আলমডাঙ্গা থানা এলাকায় অভিযান চালিয়ে ৫শ গ্রাম গাঁজাসহ আশাদুল হক
(৫০) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।
বৃহস্পতিবার বিকেল সাড়ে ৪টার দিকে উপজেলার বাড়াদি মাঝের পাড়া নিজ বাড়ি থেকে তাকে গাঁজাসহ আটক করা হয়।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি গ্রামের মাঝের পাড়ার মৃত ডা: নবীছদ্দিনের ছেলে আশাদুল হক। দীর্ঘদিন যাবৎ গোপনে তার নিজ এলাকায় গাঁজা বিক্রয় করে আসছে।

বর্তমানে পুলিশ প্রশাসনের উদ্যোগে মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হলেও পুলিশের চোঁখ ফাঁকি দিয়ে এ নেশাজাতীয় দ্রব্য বিক্রয়

করে।

বৃহস্পতিবার গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার এসআই সুলতান, এসআই গাফ্ফার, এএসআই আব্দুল হাই সঙ্গীয় ফোর্স অভিযান পরিচালনা করে। অভিযানে বাড়াদি মাঝের পাড়া থেকে আশাদুলকে আটক করে পুলিশ। তার শরীর তল্লাশী করে কাছে থাকা শপিং ব্যাগ থেকে ৫শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

গাংনীতে ৪ জুয়াড়ি গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার নিশিপুর গ্রামে জুয়ার আসর থেকে ৪ জন জুয়াড়িকে গ্রেফতার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) একটি দল। গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে আটটার এ অভিযান পরিচালনা করে। তাদের কাছ থেকে জুয়া খেলার সরঞ্জাম ও নগদ টাকা উদ্ধার করে ডিবি।

গ্রেফতারকৃতরা হলেন- গাংনী নিশিপুর গ্রামের মৃত শহিদুল ইসলামের ছেলে মোঃ স্বপন আলী (২৮), একই গ্রামের মোঃ শাহজাহান এর ছেলে মিনারুল ইসলাম (২৫), নাসির উদ্দিন সরদার এর ছেলে বকতিয়ার আলী (৩৩), আব্দুল আলিম এর ছেলে বিদ্যুৎ মিয়া (৩৫)।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পেরে, এসআই হাবিবুর রহমান এর নেতৃত্বে এসআই রুবেল আহমেদ এএসআই (নি:) আহসান হাবীব, সহ সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী থানাধীন বামুন্দী নিশিপুর এলাকায় অভিযান প্রকাশ্যে টাকার বিনিময়ে তাস দ্বারা জুয়া খেলা অবস্থায় নগদ ৪ হাজার ১৯০ টাকা, জুয়া খেলার কার্ডসহ তাদের আটক করা হয়। তাদের বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা প্রক্রিয়াধীন।

আলমডাঙ্গায় র্যাবের অভিযান,২ কেজি গাঁজাসহ আটক-১

আলমডাঙ্গার হারদী গ্রামের ঝিনাইদহ র্যাব-৬ মাদকবিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ ব্যবসায়ী আয়েন আলীকে আটক করেছে।

গত মঙ্গলবার বিকালে হারদী বাজারস্থ ডিস মোড়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাঁজাসহ তাকে তাকে আটক করে। পরে আলমডাঙ্গা থানায় মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করেছে।

জানাগেছে, কুষ্টিয়া মিরপুর উপজেলার পাগলা গোপিনাথপুর গ্রামের মৃত নবী ছদ্দিনের ছেলে আয়েন আলী (৩৫) দীর্ঘদিন ধরে গাঁজা সেবন ও বিক্রয় করে আসছে। সে বাইরে থেকে গাঁজা ক্রয় করে নিয়ে এসে মিরপুর উপজেলার পাগলা, মালিহাদ, ঝুটিয়াডাঙ্গা, আসাননগর, চকহারদী, বাজিতপুর ও পার্শবর্তী আলমডাঙ্গা উপজেলার কয়েকটি গ্রামের খুচরা ও পাইকারি বিক্রয় করে আসছিল। গত মঙ্গলবার গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ র্যাব ক্যাম্প-৬“র ডিএডি নজরুল ইসলাম অফিসার ফোর্স নিয়ে হারদী এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় হারদী বাজারস্থ ডিস মোড়ে র্যাবে উপস্থিতি টের পেয়ে আয়েন আলী কৌশলে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে তাকে আটক করে। আটকের পর তার নিকট থাকা ব্যাগ তল্লাশিকালে ২ কেজি গাঁজা উদ্ধার করে। রাতেই আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে আয়েন আলীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। এছাড়া তার বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় একটি মাদক মামলা রয়েছে। বুধবার তাকে আদালতে প্রেরন করা হয়েছে।

দামুড়হুদায় জাল টাকা তৈরি চক্রের ৩ সদস্য আটক

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানার কুড়ুলগাছি গ্রামে অভিযানে জাল টাকা তৈরি চক্রের সদস্য, চাঁদাবাজ চক্রের

হোতা, মাদক ব্যবসায়ী, পুলিশ পরিচয়ে ছিনতাইসহ এক ডজন মামলার ৩ চাঁদাবাজকে আটক করেছে পুলিশ।

আটককৃত হলো চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের মতলেব হোসেনের ছেলে মো: মাসুদ রানা (৩৫), একই গ্রামের খোকার ছেলে মো: মানিক (২৫), আব্দুর রহিমের ছেলে আব্দুল আল মুবিন (২০)। গত রোববার রাতভর পুলিশ অভিযান চালিয়ে কুড়ুলগাছি মাঠ থেকে তাদের কে আটক করে।

এসময় তাদের কাছ থেকে উদ্ধার করে চাঁদার নগদ ১০ হাজার টাকা ও ২ টি মোবাইল। এ ব্যাপারে সোমবার সকালে দর্শনা থানায় একটি চাঁদাবাজি মামলা দায়ের করা হয়েছে। দুপুরে আটককৃতদের চুয়াডাঙ্গা জেলাতে প্রেরণ করা হয়েছে।

এবিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুর রহমান কাজল নিশ্চিত করে বলেন, দর্শনা থানার কুড়ুলগাছি গ্রামের সাইফুল ইসলামের স্ত্রী সাবিনা খাতুনকে মোবাইল ফোনে তার স্বামী সাইফুলকে হত্যার হুমকি দিয়ে নগদ ১ লাখ টাকা চাঁদা দাবি করে মাসুদ রানা ও তার সহযোগিরা।

নগদ ৩০ হাজার টাকা চাঁদা দিয়ে পরে সবিনা খাতুন কৌশলে চাঁদার আরও ১০ হাজার টাকা দেওয়ার জন্য মাসুদ রানাকে তার বসতবাড়িতে ডাকে। এসময় স্থানীয়দের সহযোগিতায় তাদেরকে আটক করার চেষ্টা করলে মনিক আটক হলেও বাকিরা পালিয়ে যেতে সক্ষম হয়।

ঘটনার পরই দর্শনা থানা পুলিশকে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মানিকের স্বীকারোক্তি অভিযান চালিয়ে জাল টাকার তৈরি চক্রের সদস্য, হত্যা, মাদক কারবারি, পুলিশ পরিচয় ছিনতাই মামলাসহ এক ডজন মামলার আসামি মাসুদ রানা ও আব্দুল আল মুবিন কে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গায় ১টি ইজিবাইকসহ

আন্তঃজেলা চোর চক্রের ৫ সদস্য গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের অভিযানে আন্তঃ জেলা চোর চক্রের ৫ সদস্যকে গ্রেফতার করা হয়েছে। এসময় চুরি হয়ে যাওয়া ১টি ইজিবাইক উদ্ধার করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ। সোমবার দেড়টার চুয়াডাঙ্গা সদর থানায় এক সংবাদ সম্মেলনে ওই তথ্য জানান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জিহাদ ফকরুল আলম খান।

সংবাদ সম্মেলনে তিনি জানান, গত রোববার রাতে গোপন সংবাদের ভিত্তিতে জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে আন্তঃজেলা চোর চক্রের ৫ সদস্যকে গ্রেফতার করা হয়। এসময় উদ্ধার করা হয় একটি ইজিবাইক।

গ্রেফতারকৃতরা হলো- পঞ্চগড় জেলার তেঁতুলিয়া খেড়কিডাঙ্গী গ্রামের আবু শামার ছেলে রাজু আহমেদ (২৯), দামুড়হুদা উপজেলার শাহাপাড়ার তোফাজ্জেল হোসেনের ছেলে ফরিদ আলী (৩২), আলমডাঙ্গার আসাননগর গ্রামের মৃত নাসির উদ্দীনের ছেলে মানিক মিয়া (২১), চুয়াডাঙ্গা পৌর এলাকার আরামপাড়ার রিয়াজ উদ্দিনের ছেলে মুকুল উদ্দিন (২৮) ও সাতগাড়ী গ্রামের মৃত গহর আলীর ছেলে রশিদ খান (৪৫)। চক্রের বাকী সদস্যদের গ্রেফতার করতে অভিযান চালানো হচ্ছে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবু জিহাদ ফখরুল আলম খান আরও বলেন, গত ২৫ জুলাই রাতে চুয়াডাঙ্গা সদর উপজেলার বোয়ালমারী গ্রামের দক্ষিণ পাড়ার মতিয়ার রহমানের ছেলে আরিফুল ইসলামের বাড়ি থেকে একটি নীল রঙের ইজিবাইক চুরি হয়।
চুয়াডাঙ্গা সদর থানার এসআই হাসানুজ্জামান ও এসআই আহসান চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে রোববার রাতে আন্তঃজেলা চোর চক্রের ৫ সদস্যকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের শিকারোক্তিতে সোমবার সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গা পৌর এলাকার সিঅ্যান্ডবি পাড়া থেকে চুরি হওয়া ইজিবাইক উদ্ধার করা হয়।

ওসি আবু জিহাদ ফখরুল আলম খান আরও বলেন, এটা একটি সঙ্ঘবদ্ধ চোর চক্র। এই চক্রের বাকি সদস্যদের ধরতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মামলাসহ আদালতে পাঠানো হয়েছে।

গাংনীতে মাদক মামলার পলাতক আসামি আটক

মেহেরপুরের গাংনীতে মোঃ সায়েম (৩৫) নামের এক মাদক মামলার পলাতক আসামী কে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শনিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে গাংনী উপজেলার তেরাইল এলাকা থেকে তাকে আটক করে। আটককৃত সায়েম উপজেলার তেরাইল গ্রামের মৃত ইউনুস আলীর ছেলে।

মেহেরপুর জেলা ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গত শুক্রবার মেহেরপুর গাংনী উপজেলার ভাটপাড়া ইকো পার্ক এলাকায় ডিবির এসআই কুমার কুন্ডুর নেতৃত্বে একটি টিম অভিযান চালিয়ে ১’শ গ্রাম গাঁজাসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করে। এ সময় ডিবির উপস্থিতি টের পেয়ে সায়েম পালিয়ে যায়।

তেরাইল এলাকায় সায়েম অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এএসআই হেলাল উদ্দিন, এএসআই মাহাতাব উদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাকে আটক করে।

আটককৃত বিরুদ্ধে গাংনী থানায় গত শুক্রবার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণীর ১৯(ক)/৪১ ধারায় মামলা দায়ের করা হয়। যার মামলা নং-০৮,তাং-০৬-০৮-২১।

মেহেরপুরে গাঁজা ও হেরোইনসহ

পাঁচজন আটক

মেরেহপুর পৌর শহরের পুরাতন কাজী অফিস পাড়ায় অভিযান চালিয়ে গাঁজা ও হেরোইনসহ পাঁচজনকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল। শুক্রবার রাত দশটার দিকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো একই এলাকার সোহরাব শেখের ছেলে রাজিব শেখ (৩৮) ও সাইফুল ইসলাম (৪০), বাসস্ট্যান্ড পাড়ার মৃত আনিসুর রহমান এর ছেলে আশিক (২৭), পুরাতন পোস্ট অফিস পাড়ার হাসিবুল মিয়ার ছেলে সাদ্দাম হোসেন (২৬), ও মৃত আব্দুস সালাম এর ছেলে রোকন উদ্দিন (৪৫)।

ডিবি সূত্রে জানা গেছে, গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবির এসআই হাবিবুর রহমানের নেতৃত্বে এএসআই (নি:) আহসান হাবীব, এএসআই (নি:) মাহাতাব উদ্দিন সহ সঙ্গীয় নিয়ে শহরের ৮নং ওয়ার্ড এর পুরাতন কাজী অফিস পাড়ায় অভিযান চালিয়ে তাদের আটক করে। এসময় তাদের কাছ থেকে কাছ থেকে ২০ গ্রাম গাঁজা ও ৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। তাদের বিরুদ্ধে আরও মাদকের মামলা বিচারাধীন আছে।

গাংনীতে গাঁজাসহ একজন আটক

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া ইকো পার্ক এলাকায় অভিযান চালিয়ে সুজন আলী (২৭) নামের এক মাদক ব্যবসায়ীকে ১’শ গ্রাম গাঁজাসহ আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শুক্রবার রাতে সুজন আলীকে আটক করা হয়। সুজন আলী নয়াপাড়া গ্রামের রহিম বক্স এর ছেলে। ডিবি সূত্রে জানা গেছে, গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবির এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এএসআই (নি:) মাহাতাব উদ্দিন, এএসআই (নি:) হেলাল উদ্দিন সহ সঙ্গীয় নিয়ে ভাটপাড়া ইকো পার্ক এলাকায় অভিযান চালিয়ে সুজন আলীকে গ্রেফতার করে। তার কাছ থেকে ১শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।